# ইরান যুদ্ধে স্থলবাহিনী পাঠানোর পরিকল্পনা নেই: মার্কো রুবিও



ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে চলমান সংঘাতে সরাসরি স্থলবাহিনী পাঠানোর পরিকল্পনা নেই বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। তার দাবি, স্থল সেনা মোতায়েন ছাড়াই সামরিক লক্ষ্য অর্জন সম্ভব এবং পুরো অভিযান দীর্ঘায়িত না হয়ে কয়েক সপ্তাহের মধ্যেই শেষ হতে পারে।

শুক্রবার ফ্রান্সে জি-সেভেন বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি আরও বলেন, ইরানের বিরুদ্ধে সামরিক উদ্দেশ্য পূরণ হলেও হরমুজ প্রণালি দিয়ে বাণিজ্যিক জাহাজ চলাচল স্বাভাবিক রাখা বড় চ্যালেঞ্জ হয়ে উঠতে পারে।

রুবিও জানান, সংঘাত শেষ হওয়ার পরও ওই গুরুত্বপূর্ণ জলপথ খোলা রাখতে আন্তর্জাতিক সহযোগিতা প্রয়োজন হবে এবং এ বিষয়ে যুক্তরাষ্ট্র সমন্বিত উদ্যোগ নিতে চায়। তার ভাষায়, হরমুজ প্রণালি বন্ধ করা অবৈধ ও অগ্রহণযোগ্য, যা বৈশ্বিক অর্থনীতির জন্য মারাত্মক ঝুঁকি তৈরি করবে।

তিনি আরও সতর্ক করেন, ইরান ভবিষ্যতে প্রণালিটি দিয়ে চলাচলকারী জাহাজগুলোর ওপর শুল্ক বা টোল আরোপের মতো পদক্ষেপ নিতে পারে।

এদিকে ইরানি গণমাধ্যমের খবরে বলা হয়েছে, পার্লামেন্ট হরমুজ প্রণালি দিয়ে যাতায়াতকারী তেলবাহী জাহাজগুলোর ওপর শুল্ক আরোপের বিষয়ে একটি আইন প্রণয়নের উদ্যোগ নিচ্ছে।

ইরানের সঙ্গে সম্ভাব্য আলোচনায় যুক্তরাষ্ট্র কাদের সঙ্গে কথা বলবে, সে বিষয়ে আরও স্পষ্টতা পাওয়ার অপেক্ষায় আছে বলেও জানান রুবিও।

সূত্র: আল জাজিরা